দৈনিক
জনকণ্ঠ

তারিখ 07 FEB 2016
পৃষ্ঠা ১৪ কলাম ২

# শিক্ষার্থীরা নতুন প্রজন্মের নির্মাতা ॥ নাহিদ

**নিজস্ব সংবাদদাতা, কচুয়া, চাঁদপুর, ৬ ফেব্রুয়ারি ॥** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি বলেছেন, শিক্ষার্থীরা নতুন প্রজন্মের নির্মাতা। গুণগত শিক্ষা অর্জনের মাধ্যমে বাংলদেশকে সমৃদ্ধশালী দেশ হিসেবে গড়ে তুলতে শিক্ষার্থীরাই অগ্রণী ভূমিকা রাখবে। বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা অর্জন করে দেশকে অর্থনৈতিকভাবে সমৃদ্ধশালী করবে। এসব অর্জনই স্বাধীনতার মূল লক্ষ্য। মুক্তিযুদ্ধের চেতনা ও কঠিন চ্যালেঞ্জ বুকে ধারণ করে এগিয়ে যাওয়ার নামই ডিজিটাল বাংলাদেশ। লোক সাহিত্যিক ড. মনসুর উদ্দিনের নামে কচুয়ার মহিলা কলেজটি প্রতিষ্ঠা হওয়ায় নারীদের শিক্ষাগ্রহণের অবারিত সুযোগ সৃষ্টি হয়েছে। সমাজে সমতা সৃষ্টির লক্ষ্যে পুরুষের চিন্তাশক্তিকে মেয়েরা তাদের মেধা ও বুদ্ধি দিয়ে জয় করে। তাহলে ত্রিশ লাখ শহীদের রক্তের বিনিময়ে অর্জিত এদেশ শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে যাবে।

তিনি শনিবার কচুয়া উপজেলার হাসিমপুর ড. মনসুর উদ্দীন মহিলা কলেজের একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন। কলেজের প্রতিষ্ঠাতা সভাপতি ও জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান গোলাম হোসেনের সভাপতিত্বে নবীনবরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী ড. মহীউদ্দীন খান আলমগীর এমপি বলেন, শিক্ষার্থীরা সদ্যফোটা গোলাপের মতো পরিস্ফুটিত হয়ে তাদের লব্ধ জ্ঞানের মাধ্যমে বিজ্ঞান উন্মুখ সমাজ গঠনে দেশকে এগিয়ে নিয়ে যাবে। এ সময় বক্তব্য রাখেন চাঁদপুরের পুলিশ সুপার শামসুন্নাহার। মন্ত্রী একই দিন বিকেলে ড. মনসুর উদ্দীন মহিলা কলেজে অভিভাবক, এলাকাবাসীর সঙ্গে মতবিনিময় ও গুলবাহার আশেক আলী খান স্কুল এ্যান্ড কলেজ মাঠে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষকদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করেন।